



## Daffodil International University

Daffodil Smart City, Birulia, Savar, Dhaka

### ডিআইইউ ট্রান্সপোর্টের নতুন পলিসি সংক্রান্ত আরো কিছু গুরুত্বপূর্ণ তথ্য

ডিআইইউ ট্রান্সপোর্ট শুধু একটি সাপোর্ট সার্ভিস মাত্র।

কোন ভাবেই এই সার্ভিস গ্রহণ করা কারো জন্য বাধ্যতামূলক নয়।

ড্যাকেডিল ইন্টারল্যাশনাল ইউনিভার্সিটি শিক্ষার্থীদের কথা ভেবে বহিরাগতমুক্ত পরিবহন নিশ্চিতকরণে কর্তৃপক্ষ ৬ মাসের জন্য রুট ভেদে ভাড়া ৪৫০০টাকা এবং ৫৫০০ টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত নিয়েছে যা আগামী সেমিস্টার থেকে কার্যকর হবে।

দফায় দফায় জ্বালানি তেল ও গ্যাসের দাম বাড়ানোর কারনে সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রতি কিলোমিটার ভাড়া ২.১৫ পয়সা নির্ধারণ করা হয়। কিন্তু ড্যাকেডিল ট্রান্সপোর্ট এ ক্ষেত্রে একটি টাকাও বাড়ায়নি। ১২ টি স্টেজে থেকে (ধামরাই, বাইপাল, সাভার, কোনাবাড়ি পুরুরপাড়, টঙ্গি কলেজ গেট, উত্তরা রাজলক্ষ্মী, উত্তরা খাল পার, মিরপুর মাজার রোড, ধানমন্ডি, ইসিবি চতুর, মুগদা গ্রিন মডেল টাউন, নারায়ণগঞ্জ চাষাড়া) শিক্ষার্থীদের প্রতিনিয়ত নিরিবিচ্ছিন্ন ভাবে পরিবহন সুবিধা দিচ্ছে।

বিশ্ববিদ্যালয় পরিবহনের প্রতিটি বাস দ্বিতীয় পথ পাঠি দিয়ে শিক্ষার্থীদের আনা-নেয়া করে। হয় খালি অবস্থায় গিয়ে যাত্রী নিয়ে আসে অথবা নামিয়ে দিয়ে খালি ফেরত আসে, তার মানে হলো যে দূরস্থাকে আমরা ২০ কিলোমিটার হিসাব করি সেই দূরস্থের যাত্রী আনতে গাড়িটা ৪০ কিলোমিটার চালাতে হয়, অর্থাৎ ৪০ কিলোমিটার চালানোর খরচ হয়। কোনো কোনো রুটে যাত্রী বহনের জন্য বিশ্ববিদ্যালয়কে ৮০ থেকে ৯০ কিলোমিটার পর্যন্ত গাড়ি চালানোর খরচও বহন করতে হয়, সঙে ট্রাফিক জ্যাম তো রয়েছেই।

এই বিষয়গুলো বিবেচনায় রেখে সরকার নির্ধারিত ভাড়ার চেয়ে কতটা কম টাকায় বিশ্ববিদ্যালয় পরিবহনের ব্যবহা করেছে সেটা বুঝা দরকার :

যাত্রা পথ ও ভাড়ার একটি নমুনা নিচে দেওয়া হলো:

ড্যাকেডিল স্মার্ট সিটি থেকে বিভিন্ন রুট পর্যন্ত	দূরস্থ. কি.মি.	সরকারি হিসাবে দৈনিক আসা - যাওয়া ভাড়া (জন প্রতি)	ডিআইইউ নির্ধারিত দৈনিক আসা - যাওয়া ভাড়া (জন প্রতি)	ডিআইইউ দৈনিক খরচ দিচ্ছে (জন প্রতি)
নারায়ণগঞ্জ চাষাড়া	৪৩	$83 \times 8 \times 2.15 = 370$	$60 \times 2 = 120$	$370 - 120 = 250$
মুগদা গ্রিন মডেল টাউন	৩৭	$37 \times 8 \times 2.15 = 318$	$80 \times 2 = 160$	$318 - 160 = 158$
ইসিবি চতুর	২২	$22 \times 8 \times 2.15 = 178$	$25 \times 2 = 50$	$178 - 50 = 128$
ধানমন্ডি	২১	$21 \times 8 \times 2.15 = 170$	$25 \times 2 = 50$	$170 - 50 = 120$
কোনাবাড়ি পুরুরপাড়	১৬	$16 \times 8 \times 2.15 = 132$	$25 \times 2 = 50$	$132 - 50 = 82$
টঙ্গি কলেজ গেট	১৯	$19 \times 8 \times 2.15 = 156$	$25 \times 2 = 50$	$156 - 50 = 106$
উত্তরা রাজলক্ষ্মী	১৭	$17 \times 8 \times 2.15 = 142$	$25 \times 2 = 50$	$142 - 50 = 92$
ধামরাই বাস স্ট্যান্ড	১৯	$19 \times 8 \times 2.15 = 156$	$25 \times 2 = 50$	$156 - 50 = 106$
উত্তরা খালপাড়	১৪	$14 \times 8 \times 2.15 = 112$	$20 \times 2 = 40$	$112 - 40 = 72$
মিরপুর মাজার রোড	১৫	$15 \times 8 \times 2.15 = 120$	$20 \times 2 = 40$	$120 - 40 = 80$
বাইপাল	১৫	$15 \times 8 \times 2.15 = 120$	$20 \times 2 = 40$	$120 - 40 = 80$
সাভার	১১	$11 \times 8 \times 2.15 = 88$	$20 \times 2 = 40$	$88 - 40 = 48$

## কিছু সাধারণ প্রশ্নের উত্তর:

প্রশ্ন: কারা নতুন পলিমি অনুযায়ী রেজিস্ট্রেশন করবে?

উত্তর: যেহেতু এটি একটি সাপোর্ট সার্ভিস, সেহেতু এটি ব্যবহার করা বাধ্যমূলক নয়। যাদের প্রয়োজন তারাই শুধু রেজিস্ট্রেশন করবে।

প্রশ্ন: কেন নতুন পরিবহন নীতি কার্যকর করা হলো?

উত্তর: ড্যাফোডিল স্মার্ট সিটির পরিবহন পুলের দক্ষ ও কার্যকর ব্যবহার নিশ্চিত করা এবং শিক্ষার্থীদের প্রদত্ত সহায়তা এবং পরিষেবাগুলোকে আরো উন্নত করার লক্ষ্যে নতুন নীতি প্রনয়ন করা হয়েছে। এটির লক্ষ্য হল নিরাপত্তার উন্নতি, শৃঙ্খলা বজায় রাখা এবং সমস্ত শিক্ষার্থীদের জন্য একটি উন্নত এবং নির্বিঘ্ন যাতায়াতের অভিজ্ঞতা তৈরি করা। নিজেদের নিরাপত্তার স্বার্থে বহিরাগতরা যাতে সুযোগ না নিতে পারে, সেজন্য কার্ড সিস্টেম চালু করা।

প্রশ্ন: আমরা হলের ছাত্র-ছাত্রী, বিভিন্ন প্রয়োজনে ট্রান্সপোর্ট ব্যবহার করতে হয়, মাসে ১-২ দিন ব্যবহারের জন্য কি নতুন পলিমি অনুযায়ী রেজিস্ট্রেশন করতে হবে?

উত্তর: না। হলের শিক্ষার্থীদের হল পাস হিসেবে আলাদা একসেস কার্ড দেয়া হবে এবং ট্রান্সপোর্ট এর নির্ধারিত রেগুলার ভাড়া প্রদান করে ব্যবহার করতে পারবে। সেজন্য আলাদা বাস বরাদ্দ থাকবে।


প্রশ্ন: আমরা হলে থাকি না, বিশ্ববিদ্যালয়ের আশে পাশে ভাড়া থাকি, আমাদেরও বিভিন্ন প্রয়োজনে ট্রান্সপোর্ট ব্যবহার করতে হয়, সে ক্ষেত্রে আমরা কি করবো?

উত্তর: কোন প্রকার ট্রান্সপোর্ট এক্সেস কার্ডের প্রয়োজন নেই, তবে বিশেষ আইডেন্টি কার্ড দেয়া হবে। গুগল ক্রমের মাধ্যমে তথ্য প্রুলের ভিত্তিতে এবং ভেরিফাই করে আইডেন্টি কার্ড দেয়া হবে। ট্রান্সপোর্ট এর নির্ধারিত রেগুলার ভাড়া অনুযায়ী যাতায়াত করা যাবে।

প্রশ্ন: প্রাক্তন শিক্ষার্থীদের ট্রান্সপোর্ট ব্যবহারের সুযোগ আছে কি ?

উত্তর: হ্যাঁ। এলামনাই কার্ড দেখিয়ে, নির্ধারিত ভাড়া প্রদান করে ট্রান্সপোর্ট ব্যবহার সুযোগ পাবে।

আমাদের সকলের যাত্রাপথ সুন্দর হোক



ট্রান্সপোর্ট সম্পর্কিত যে কোন তথ্যের জন্য যোগাযোগ:

**DIU ট্রান্সপোর্ট অফিস**  
ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি  
ড্যাফোডিল স্মার্ট সিটি, বিরুলিয়া, সাভার, ঢাকা।

ইমেইল: [transportoffice@daffodilvarsity.edu.bd](mailto:transportoffice@daffodilvarsity.edu.bd)

Web: <https://daffodilvarsity.edu.bd/article/transport>